
পরিমাণ বাড়ে এবং দাম কমলে জোগানের পরিমাণ কমে। এটাই জোগানের

বিভিন্ন দামে ফার্ম যে বিভিন্ন পরিমাণ দ্রব্য বিক্রি করতে চায় তার সঞ্চারপথকে বলে জোগান রেখা। কোন্ দামে ফার্ম কী পরিমাণ বিক্রি করতে চায় তা এই জোগান রেখা থেকে জানা যায়। অন্যদিকে, বিভিন্ন পরিমাণ দ্রব্য উৎপাদন করতে ফার্মের যে ব্যয় পড়ে, তাদের সঞ্চারপথকে বলে ব্যয় রেখা। কোন নির্দিষ্ট পরিমাণ দ্রব্য উৎপাদন করতে ফার্মের কী পরিমাণ ব্যয় পড়বে তা এই ব্যয় রেখা থেকে জানা যায়। এই ব্যয় রেখা থেকেই পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের জোগান রেখা টানা যায়। আরও নির্দিষ্ট করে বলতে গেলে, পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের MC রেখা থেকে আমরা ফার্মের জোগান রেখা পেতে পারি। তবে ব্যয় রেখা থেকে জোগান রেখা পাওয়া গেলেও ব্যয় রেখা ও জোগান রেখা এক বিষয় নয়।

পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের স্বল্পকালীন ভারসাম্য থেকেই আমরা ফার্মের স্বল্পকালীন জোগান রেখা নির্ণয় করতে পারি। বিষয়টিকে 4.6 নং চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা যেতে পারে। এই চিত্রে আমরা AC ও AVC রেখা এঁকেছি। এই দুই রেখার মধ্যে উল্লম্ব দূরত্ব হল AFC। চিত্রে আমরা MC রেখাও টেনেছি।

এখন, আমরা জানি যে, স্বল্পকালে ফার্মের ভারসাম্যের শর্ত দুটি হল : p = MC এবং MC রেখা ঊর্ধ্বমুখী। সুতরাং, যদি দ্রব্যের দাম $OP_1$ হয়, তাহলে ফার্মের ভারসাম্যের বিন্দু হল $S_1$। ফার্মটি $OQ_1$ পরিমাণ দ্রব্য বিক্রি করবে। এখানে যেহেতু P > AC, ফার্মটি স্বাভাবিকের বেশি মুনাফা ভোগ করবে। আবার, দাম যদি $OP_2$ হয়, তাহলে ফার্মের ভারসাম্যের বিন্দু হল $S_2$। তখন ফার্মটি $OQ_2$ পরিমাণ দ্রব্য জোগান দেবে এবং কেবলমাত্র স্বাভাবিক মুনাফা অর্জন করবে। $S_2$ বিন্দুতে P = AC বা TR = TC। এজন্য $S_2$ বিন্দুকে **আয়-ব্যয় সমতার বিন্দু** (Break-even Point) বলে। দাম $OP_2$ অপেক্ষা কম হলে ফার্মটির লোকসান হবে। যেমন, $OP_3$ দামে p = MC এই শর্ত পূরণ হয়েছে $S_3$ বিন্দুতে। তখন ফার্মটি AVC-র পুরোটা এবং AFC-র কিছুটা দামের দ্বারা পূরণ করতে পারছে। সেক্ষেত্রে ফার্মটির লোকসান TFC অপেক্ষা কম। কিন্তু স্বল্পকালে উৎপাদন বন্ধ রাখলে TFC-র পুরোটাই লোকসান হবে। সুতরাং, ফার্মটি এখানে উৎপাদন চালিয়ে যাবে অর্থাৎ $OP_3$ দামে ফার্মটির জোগান হবে $OQ_3$ পরিমাণ। দাম যদি $OP_4$ হয়, তাহলে p = AVC বা মোট রেভিনিউ = TVC। সেক্ষেত্রে ফার্মটির লোকসান = TFC. তখন ফার্মটি উৎপাদন চালাতেও পারে, আবার নাও চালাতে পারে। দাম $OP_4$ অপেক্ষা কম হলে ফার্ম উৎপাদন বন্ধ করে দেবে। AVC রেখার সর্বনিম্ন বিন্দুটিকে ($S_4$) **উৎপাদন বন্ধের বিন্দু** (Shut down Point) বলা হয়।



চিত্র 4.6

সুতরাং, MC রেখা থেকে আমরা দামের সঙ্গে দ্রব্যের জোগানের একটা একমুখী সম্পর্ক পাচ্ছি। দাম $OP_1$ হলে জোগান $OQ_1$, দাম $OP_2$ হলে জোগান $OQ_2$ ইত্যাদি। সুতরাং, ফার্মের MC রেখাই হল ফার্মের জোগান রেখা। কিন্তু সমগ্র MC রেখা ফার্মের জোগান রেখা নয়। যেমন, দাম $OP_4$ অপেক্ষা কম হলে ফার্মের জোগান শূন্য। দাম $OP_4$ বা তার চেয়ে বেশি হলে জোগান নির্ধারিত হবে MC রেখা দ্বারা। সুতরাং, O বিন্দু থেকে $P_4$ পর্যন্ত এবং তারপর $S_4$ বিন্দু থেকে MC রেখা বরাবর উপরের অংশটি হল ফার্মের জোগান রেখা। লক্ষণীয় যে এখানে জোগান রেখাটি বিচ্ছিন্ন। তবে আলোচনার সুবিধার জন্য $S_4$ থেকে একটানা অংশটিকেই জোগান রেখা বলে ধরা হয়।

আমরা জোগান অপেক্ষকটিকে এভাবে লিখতে পারি :

S = f(p) যদি $p \geq$ সর্বনিম্ন AVC হয় ;

= 0 যদি p < সর্বনিম্ন AVC হয়।

এভাবে আমরা পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের MC রেখা থেকে জোগান রেখা পেতে পারি। এই জোগান রেখা বাঁদিক থেকে ডানদিকে ঊর্ধ্বমুখী অর্থাৎ দাম বাড়লে দ্রব্যের জোগান বাড়বে এবং দাম কমলে দ্রব্যের জোগান কমবে। এটাই হল জোগানের নিয়ম।

বাজারের সমস্ত ফার্মের জোগান রেখাগুলিকে অনুভূমিক ভাবে যোগ করে আমরা শিল্পের জোগান রেখা বা বাজার জোগান রেখা পাই। বিভিন্ন ফার্মের জোগান পরস্পর নিরপেক্ষ হলে শিল্পের জোগান রেখাও ঊর্ধ্বমুখী হবে। কিন্তু যদি বিভিন্ন ফার্মের জোগান পরস্পরের নির্ভরশীল হয়, তাহলে প্রতিটি ফার্মের জোগান রেখা ঊর্ধ্বমুখী হওয়া সত্ত্বেও শিল্পের জোগান রেখা নিম্নমুখী বা অনুভূমিক হতে পারে।